# ইলাস্ট্র্যাটর টিউটোরিয়াল


আহমদ ওয়াহিদ মাসুদ

অ্যাডোবির সবচেয়ে বেশি ব্যবহার হওয়া এবং জনপ্রিয় সফটওয়্যারগুলোর মাঝে একটি হলো ইলাস্ট্র্যাটর। আধুনিক আর্টের জন্য যত ধরনের ড্রয়িং প্রয়োজন, তার সবরকমই এই সফটওয়্যারের মাধ্যমে করা যায়। এ লেখায় ইলাস্ট্র্যাটরের বিভিন্ন ফিচার ও টুল নিয়ে আলোচনা করা হয়েছে। অ্যাডোবি ইলাস্ট্র্যাটরের কিছু কমন টুল আছে, যেগুলো ড্রয়িংয়ের জন্য সবচেয়ে বেশি ব্যবহার হয়। তাই বলে বাকি টুলগুলো যে অপ্রয়োজনীয়, তা কিন্তু নয়। এখানে এমন কিছু টুল নিয়ে আলোচনা করা হয়েছে, যেগুলো ইউজারের কর্মদক্ষতাকে আরও বাড়াতে সাহায্য করবে।


**নাইফ টুল :** ইলাস্ট্র্যাটরের টুলস প্যানেল হলো সফটওয়্যারটির সবচেয়ে গুরুত্বপূর্ণ অংশ। এখানে বিভিন্ন কাজের জন্য ভিন্ন ভিন্ন টুল দেয়া আছে। কোনটির কাজ হলো ছবিকে মডিফাই করা, কোনটির উদ্দেশ্য হলো বিভিন্ন ভেক্টর অবজেক্ট নিয়ে কাজ করা। ইলাস্ট্র্যাটরের প্রতিটি আপডেটের মাধ্যমেই এর কিছু নির্দিষ্ট পরিবর্তন আনা হয়, যার মূল লক্ষ্য হলো এর টুলগুলোর কর্মক্ষমতা বাড়ানো। আর এটি প্রায় সব ধরনের টুলের জন্যই প্রযোজ্য।

নাইফ টুলের কাজ মূলত অবজেক্ট ফ্র্যাগমেন্টিংয়ের সাথে সম্পর্কিত। এটি দিয়ে সাধারণত একটি পাথের বিভিন্ন অংশ কাটা যায়, যেখানে ওপেন পাথ অথবা ক্লোজড পাথ এবং ফিল ইত্যাদি অপশনও ব্যবহার করার সুযোগ থাকে। এটি শুধু ইন্টারেক্টিভ মোডে কাজ করে। নাইফ টুল সাধারণত ইরেজার টুলের গ্রুপে পাওয়া যায়। তবে ডিফল্ট সেটিং অনুযায়ী এর কোনো শর্টকাট বাটন নেই। এই টুলটি সিলেক্ট করার জন্য ইরেজার টুলের ওপর রাইট বাটন ক্লিক করে অথবা কিছুক্ষণ ক্লিক করে ধরে রাখলে ইরেজার টুলের গ্রুপ আসবে, সেখান থেকে নাইফ টুল সিলেক্ট করা যাবে (চিত্র-১)। আর নাইফ টুল সিলেক্টেড হলে স্বভাবতই সেটি দেখতে একটি চাকুর মতো দেখাবে।


নাইফ টুল দিয়ে সাধারণত কোনো ফিল করা পাথ অথবা ক্লোজড পাথ কাটা যায় এবং কাটার পর সেটি আরেকটি ভিন্ন পাথ হিসেবে গণনা করা হয়। নতুন পাথটিও ক্লোজড অবস্থায় থাকে। তবে কাটার পর দুটি পাথ সিলেক্টেড থাকলেও এরা একসাথে গ্রুপ হিসেবে থাকে না। সুতরাং মূল পাথটি কাটার পরপরই ইউজার চাইলে যেকোনো একটির ওপর এডিটের কাজ শুরু করতে পারেন। আর নাইফ টুল দিয়ে কোনো ওপেন পাথ কাটা যাবে না। সে



চিত্র-১



চিত্র-২



চিত্র-৩

ক্ষেত্রে এরর মেসেজ দেখাবে। কোনো পাথকে কাটার জন্য শুধু পাথের মাঝ দিয়ে নাইফ টুলটি ড্রাগ করলেই হবে। তবে এ ক্ষেত্রে অবশ্যই মূল পাথ সিলেক্ট করা থাকতে হবে, না হলে সম্পূর্ণ পাথটিই কাটা হয়ে যাবে। অর্থাৎ এ ক্ষেত্রে পাথ ঠিকই কাট হবে, কিন্তু ইউজার কোনো পরিবর্তন দেখতে পারবেন না। চিত্র-২-এ একটি নাইফ টুল দিয়ে একটি শেপ কাটার উদাহরণ দেখানো হলো। আর ইউজার যদি সরলরেখা বরাবর কোনো শেপ কাটতে চান, তাহলে Alt বাটন চেপে মাউস পয়েন্টার ড্রাগ করতে হবে (চিত্র-৩)। এছাড়া Shift বাটন চেপে ড্রাগ করলে ৪৫ ডিগ্রির গুণিতক যেকোনো অ্যাঙ্গেল বরাবর কাটা যাবে।

নাইফ টুল ব্যবহারের ক্ষেত্রে কয়েকটি লক্ষণীয় বিষয় আছে, যেমন যদি কাটার পাথটি মূল শেপের ভেতরে থাকে, তাহলে একটি সিম্পল পাথও কাটার পর কম্পাউন্ড পাথে পরিণত হবে। কাটার সময় যদি কোনো কিছু সিলেক্ট করা না থাকে তাহলে নাইফ টুল সমস্ত এডিটেবল পাথকে কাটার চেষ্টা করবে। তবে যেগুলো এডিটেবল নয়, সেগুলোর ওপর কোনো ইফেক্ট পড়বে না। ফিলসহ কোনো ওপেন পাথকে কাটা হলে একটি ক্লোজড পাথ পাওয়া যাবে। একইভাবে যদি ফিলসহ কোনো ওপেন পাথের চারপাশ দিয়ে নাইফ টুল ড্রাগ করা হয়, তাহলেও একটি ক্লোজড পাথ পাওয়া যাবে। ইলাস্ট্র্যাটরের মাঝে খুব অল্প কিছু টুল আছে যাদের কোনো সেটিং নেই, নাইফ টুলও এর মাঝে একটি। যার ফলাফল হিসেবে ইউজার নাইফ টুলের মুভমেন্ট সেনসিটিভিটি আগে থেকে নিয়ন্ত্রণ করতে পারবেন না। তাই ক্যানভাস জুমইন অথবা জুমআউট করার মাধ্যমে নাইফ টুলের সেনসিটিভিটি পরিবর্তন হবে।

**বিভিন্ন টুল দিয়ে পাথ এডিট করা :** আগের ভার্সনগুলোতে পাথ এডিট করা নিতান্তই কষ্টসাধ্য একটি ব্যাপার ছিল। যদিও কিবোর্ড শর্টকাট ব্যবহার করে তা কিছুটা সহজে করা যেত। তবে নতুন ভার্সনে বিভিন্ন টুলে ভিন্ন ভিন্নভাবে এডিটের সুযোগ রাখা হয়েছে।

প্রথমে পেন টুল দিয়ে শুরু করা যাক। পেন টুল দিয়ে আঁকার সময় মডিফায়ার কি চেপে আগে ব্যবহার হওয়া সিলেকশন টুলে সিলেক্ট করার মাধ্যমে আগের আঁকা কোনো সেগমেন্টকে রিশেপ করা যায়। এখন পেন টুল সিলেক্ট করা অবস্থায় পয়েন্টারটিকে কোনো সিলেক্টেড পাথ সেগমেন্টের ওপর রেখে Alt বাটন চাপলে রিশেপ সেগমেন্ট কার্সর আসবে (চিত্র-৩)। এ সময় ড্রাগ করার মাধ্যমে সহজেই সেগমেন্ট রিশেপ করা যাবে এবং Shift বাটন চাপলে হ্যান্ডেলগুলো পারপেন্ডিকুলার ডিরেকশনে চলে যাবে।

এই নতুন পদ্ধতিগুলো অ্যাঙ্কর পয়েন্ট টুলের জন্যও প্রযোজ্য। যারা পুরনো ইলাস্ট্র্যাটর ইউজার, তাদের কাছে অ্যাঙ্কর পয়েন্ট টুলটি নতুন লাগতে পারে। আসলে আগের 'কনভার্ট অ্যাঙ্কর পয়েন্ট' টুলই এখন 'অ্যাঙ্কর পয়েন্ট টুল'।

কোনো পাথ আঁকার পর তা ডিরেক্ট সিলেকশন টুলের মাধ্যমে এডিট করা যাবে। এখন পয়েন্টারকে কোনো সিলেক্টেড পাথ সেগমেন্টের ওপর পয়েন্ট করলে রিশেপ সেগমেন্ট কার্সর চলে আসবে, যদি না পাথটি স্ট্রেট সেগমেন্ট হয়। এভাবে সেগমেন্টটিকে ফ্রি ফর্ম হিসেবে ড্রাগ করা যাবে। অর্থাৎ কোনো নির্দিষ্ট অ্যাঙ্গেলে সীমাবদ্ধ থাকবে না। তবে ড্রাগ শুরু করার পর ইউজার যদি তা পারপেন্ডিকুলার করতে চান, অর্থাৎ ৯০ ডিগ্রি অ্যাঙ্গেলে সীমাবদ্ধ করতে চান, তাহলে Shift বাটন চাপলেই হবে। আর রিশেপ পাথ সেগমেন্টের কাজ এখন টাচ ডিভাইসেও করা যাবে।

অ্যাডোবি ইলাস্ট্র্যাটরের মাধ্যমে বিভিন্ন ধরনের শেপ, আর্টওয়ার্ক, ফন্ট ইত্যাদি ড্রয়িং করা সম্ভব। মডার্ন ড্রয়িংয়ের জন্য যত ধরনের উপকরণ এবং ফিচার প্রয়োজন, তার প্রায় সবই এখানে পাওয়া যায়। ছবি এডিট করার জন্য যেমন ফটোশপ ব্যবহার করা হয়, তেমনি ছবি ড্রয়িং করার জন্য আর্টিস্টদের প্রিয় সফটওয়্যার হলো ইলাস্ট্র্যাটর। ইউজার এটিতে দক্ষতা আনতে পারলে অনেক কঠিন ছবি খুব সহজেই আঁকা সম্ভব হবে কজ

*ফিডব্যাক : wahid_cseaust@yahoo.com*